

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
www.caab.gov.bd
সদস্য (এটিএম) এর দপ্তর



স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.১৪৪.০২.০১০.২০.২০৪

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪২৭
২০ নভেম্বর ২০২০

বিষয়: স্থাপনা/ভবন নির্মাণে উচ্চতার ছাড়পত্র প্রদান প্রসংগে।

সূত্র: (ক)নং-৪২.০০.০০০০.০৩৯.১৪.০১৮.১৮.৩০২, তারিখঃ ১৭/০৯/২০২০খ্রিঃ।

(খ) ইমেইলে সরবরাহকৃত মৌজা ম্যাপ ও গুগল ম্যাপে ভৌগোলিক স্থানাংক দ্বারা চিহ্নিত এলাকা।

০১। উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রের বরাতে (সংশ্লিষ্ট অন্যান্য সরকারী সংস্থা/বিভাগের অনাপত্তি সাপেক্ষে) প্রস্তাবিত স্থানে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের OLS এর আলোকে ANO (AD) A1 এবং ICAO Annex-14 এর নিয়ম অনুযায়ী নিম্নবর্ণিত ছকে প্রদর্শিত সর্বোচ্চ প্রাপ্য উচ্চতা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

ক্রমিক নং	স্থাপনা/ভবন নির্মাণের প্রস্তাবিত স্থান/জমির তফসিল	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের এরোডাম এলিভেশন হতে অনুমোদিত উচ্চতা
০১	"আন্তর্জাতিক পানি সম্পদ ব্যবস্থাপনা ও গবেষণা ইনস্টিটিউট নির্মাণ" শীর্ষক প্রকল্প এলাকা, মৌজা-মতুল, জেএল নং-২৯৮, থানা-গুলশান, জেলা-ঢাকা। (ভৌগোলিক স্থানাংক: ২৩ডিগ্রী ৫০মিনিট ২৩.১৪সেকেন্ড উত্তর, ৯০ডিগ্রী ২৮মিনিট ২৬.৩৫সেকেন্ড পূর্ব, ২৩ডিগ্রী ৫০মিনিট ২১.৭৩সেকেন্ড উত্তর, ৯০ডিগ্রী ২৮মিনিট ২৪.৫৫সেকেন্ড পূর্ব, ২৩ডিগ্রী ৫০মিনিট ১৫.৯৬সেকেন্ড উত্তর, ৯০ডিগ্রী ২৮মিনিট ২৯.৮১সেকেন্ড পূর্ব, ২৩ডিগ্রী ৫০মিনিট ১৩.১৯সেকেন্ড উত্তর, ৯০ডিগ্রী ২৮মিনিট ৩৫.৭৮সেকেন্ড পূর্ব, ২৩ডিগ্রী ৫০মিনিট ০৬.১৮সেকেন্ড উত্তর, ৯০ডিগ্রী ২৮মিনিট ৩৩.৮৫সেকেন্ড পূর্ব, ২৩ডিগ্রী ৫০মিনিট ০৫.৮২সেকেন্ড উত্তর, ৯০ডিগ্রী ২৮মিনিট ৩৮.২১সেকেন্ড পূর্ব, ২৩ডিগ্রী ৫০মিনিট ০০.৫৬সেকেন্ড উত্তর, ৯০ডিগ্রী ২৮মিনিট ৪০.৬০সেকেন্ড পূর্ব, ২৩ডিগ্রী ৪৯মিনিট ৫৮.২৪সেকেন্ড উত্তর, ৯০ডিগ্রী ২৮মিনিট ৩৬.৮৫সেকেন্ড পূর্ব - সংযোজকারী রেখা দ্বারা বেষ্টিত এলাকা)	৫০০(পাঁচশত)ফুট

০২। স্থাপনা/ভবন নির্মাণে নির্মাণকারী ব্যক্তি/গোষ্ঠী/সংস্থা/প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত শর্ত সমূহ অবশ্যই পালন করতে হবে:

(ক) স্থাপনা/ভবনের সিঁড়িঘর, জলাধার, লিফট, এলেক্ট্রন (যদি থাকে), খুঁটি, প্রতিবন্ধক বাতি ইত্যাদিসহ মোট উচ্চতা অনুমোদিত উচ্চতার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

(খ) নির্মাণ কাজের জন্য ফ্রেন বা তদজাতীয় কোন যন্ত্রপাতি ব্যবহার করলে সেগুলোও উক্ত উচ্চতার মধ্যে সীমিত রাখতে হবে।

(গ) স্থাপনা/ভবনের চুঁড়ায় (প্রয়োজ্য ক্ষেত্রে) লাল প্রতিবন্ধক বাতি সূর্যাস্ত হতে সূর্যোদয় পর্যন্ত এবং খারাপ আবহাওয়ায় জ্বালিয়ে রাখতে হবে।

০৩। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের এরোডাম এলিভেশন (Mean Sea Level হতে উচ্চতা)-কে ভিত্তি বিবেচনায় উক্ত স্থানে অবকাঠামো নির্মাণের প্রাপ্য উচ্চতা নির্ধারণ করা হয়েছে। সূত্রাং নির্মাণ স্থানের এলিভেশন ২৭ ফুটের অতিরিক্ত হলে, অতিরিক্ত উচ্চতা অত্র পত্রের মাধ্যমে প্রদত্ত উচ্চতা হতে বাদ দিয়ে প্রস্তাবিত অবকাঠামো নির্মাণ করতে হবে।

০৪। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/নকশা অনুমোদনকারী সংস্থা প্রস্তাবিত স্থানে উপরোক্ত শর্তাবলীর আলোকে অনুমোদিত উচ্চতার মধ্যে স্থাপনা/ভবন নির্মাণ সীমিত রাখা নিশ্চিত করতে হবে।

০৫। সিএএবি'র ওয়েবসাইট (www.caab.gov.bd)-এ প্রকাশিত অনুমোদিত উচ্চতার ছাড়পত্রটি যাচাই করণের জন্য রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/নকশা অনুমোদনকারী সংস্থাকে অনুরোধ করা যাচ্ছে।

২০-১১-২০২০

সাবেরা রহমান

সহকারী পরিচালক (এটিএস)

সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.১৪৪.০২.০১০.২০.২০৪/১(৪)

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪২৭
২০ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ২) পরিচালক (যোগাযোগ), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) অতিরিক্ত সচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২০-১১-২০২০
সাবেরা রহমান
সহকারী পরিচালক (এটিএস)